বাংলাদেশের সর্বাধিক প্রচারিত জাতীয় দৈনিক
বাংলাদেশ প্রতিদিন

মার্কেন্টাইল ব্যাংক পিএলসি.
ঈশ্বরদী শাখা, পাবনা
অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২ (৩) ধারার বিধান মোতাবেক

সম্পত্তি নিলাম দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মার্কেন্টাইল ব্যাংক পিএলসি., ঈশ্বরদী শাখা, পাবনা এর খেলাপী ঋণ গ্রহীতা প্রতিষ্ঠান "মেসার্স ঐশী বস্ত্রালয়" এর ব্যবসায়িক ঠিকানা ঃ মরিন প্লাজা, ঈশ্বরদী, পাবনা। স্বত্বাধিকারী ঃ জনাব মোঃ রুহুল আমিন, (ঋণ গ্রহিতা ও বন্ধকদাতা, নিম্নবর্নিত জমির সিডিউল নং-০১) এবং জনাব জাকির হোসেন (বন্ধকদাতা, নিম্নবর্নিত জমির সিডিউল নং-০২), সর্বপিতা- মৃত আবুল হোসেন, মাতা ঃ জোসনা খাতুন, বর্তমান ও স্থায়ী ঠিকানা ঃ- পিয়ারাখালী, ডাকঘর- ঈশ্বরদী, থানা/উপজেলা- ঈশ্বরদী, জেলা: পাবনা এর নিকট গত ০৩/১১/২০২৬ ইং তারিখ পর্যন্ত সুদাসল ও অন্যান্য খরচা সহ অত্র ব্যাংকের মোট পাওনা টাকা: ১,১৭,৪৩,০২২.৩০ (এক কোটি সতের লক্ষ তেতাল্লিশ হাজার বাইশ টাকা ত্রিশ পয়সা মাত্র) এবং আদায়কালতক সুদ ও অন্যান্য পাওনা আদায়ের নিমিত্তে ঋণের বিপরীতে জনাব মোঃ রুহুল আমিন ও জনাব জাকির হোসেন, কর্তৃক অত্র ব্যাংকের অনুকূলে বন্ধকীকৃত ও আম-মোক্তারনামা দলিলবলে বিক্রয়ের ক্ষমতা প্রাপ্ত নিম্ন তফসিল বর্নিত জমি নিলাম বিক্রয়ের লক্ষ্যে আগ্রহী নিলাম ক্রেতাদের নিকট হতে নিম্ন বর্ণিত শর্তাধীনে সীলমোহরকৃত দরপত্র আহ্বান করা যাচ্ছে।

দরপত্রের শর্তাবলী ঃ

১। আগ্রহী দরদাতাগণকে তার বা তাদের নিজস্ব প্যাডে বা সাদা কাগজে আগামী ১০.১২.২০২৬ ইং তারিখ বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে স্পষ্ট অক্ষরে নিলাম ক্রেতার নাম, ঠিকানা, টেলিফোন নম্বর, প্রদত্ত দর অংকে ও কথায় লিখিয়া দরপত্র সীলমোহরকৃত খামে এবং খামের উপর 'সম্পত্তি ক্রয়ের দরপত্র' লিখিয়া অত্র শাখায় রক্ষিত দরপত্র বাক্সে দরপত্র জমা দিতে হবে এবং ঐ দিনই বিকাল ৪.০০ ঘটিকায় ব্যাংক কর্তৃপক্ষ দরদাতা বা তাদের প্রতিনিধিদের সামনে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খুলবেন। রেজিষ্ট্রিকৃত ডাকে প্রেরিত দরপত্র উক্ত তারিখে নির্দিষ্ট সময়ের মধ্যে পৌছাতে হবে। দরপত্রে দরপত্রদাতার নাম, পিতা/মাতা/স্বামীর নাম, ঠিকানা, টেলিফোন নং কোম্পানী/ফার্মের ক্ষেত্রে তার নিবন্ধিত কার্যালয়ের ঠিকানা উল্লেখ করতে হবে। দরপত্রের সাথে দরদাতার জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে।

২। প্রত্যেক দরদাতাকে উদ্ধৃত দর অনূর্ধ্ব দশ লক্ষ টাকা হলে উহার ২০%, দশ লক্ষ টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব পঞ্চাশ লক্ষ টাকা হলে উহার ১৫% এবং উদ্ধৃত দর পঞ্চাশ লক্ষ টাকার অধিক হলে উহার ১০% এর সমপরিমাণ টাকা জামানতস্বরূপ যে কোন তফশিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে মার্কেন্টাইল ব্যাংক পিএলসি ঈশ্বরদী শাখা, পাবনা -এর অনুকূলে দরপত্রের সাথে দাখিল করতে হবে। পৃথক পৃথক তফসিলের জন্য পৃথক পৃথক পে-অর্ডার বা ব্যাংক ড্রাফট করে জমা দিতে হবে।

৩। অনূর্ধ্ব দশ লক্ষ টাকার উদ্ধৃত দর গৃহীত হবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, দশ লক্ষ টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ পঞ্চাশ লক্ষ টাকার উদ্ধৃত দর গৃহীত হবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে এবং পঞ্চাশ লক্ষ টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করতে হবে। ব্যর্থতায় ব্যাংক কর্তৃপক্ষ জামানত বাজেয়াপ্ত করতে পারবেন।

৪। উপরোক্ত অনুচ্ছেদ-৩ এর অধীনে প্রথম সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হলে মার্কেন্টাইল ব্যাংক পিএলসি কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে সম্পত্তি খরিদ করতে আহ্বান করতে পারবেন।

৫। আগ্রহী দরদাতাগণ দরপত্র প্রদানের পূর্বে সংশ্লিষ্ট শাখা হতে তফসিল বর্ণিত সম্পত্তির মালিকানা সংক্রান্ত দলিলাদি সংগ্রহ করে যাচাই বাছাই করিতে পারবেন। দরপত্র দাখিলের পর মালিকানা বিষয়ক কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হবে না।

৬। মার্কেন্টাইল ব্যাংক পিএলসি কর্তৃপক্ষ কোন কারণ দর্শনো ছাড়াই যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের অধিকার সংরক্ষণ করেন। পৃথক পৃথক তফসিলের জন্য পৃথক পৃথক দরপত্র দাখিল করা যাবে।

৭। কৃতকার্য দরদাতাকে সম্পত্তির রেজিস্ট্রেশন সংক্রান্ত খরচ সহ ট্যাক্স ও অন্যান্য খরচাদি (সরকারি, বেসরকারি ও স্বায়ত্তশাসিত সংস্থার পাওনা) বহন করতে হবে।

৮। দরপত্র জমা দেয়ার পরে বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, আকৃতি, প্রকৃতি, অবস্থান ও স্বত্বের দলিল পত্র সম্পর্কে দরদাতার কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হবে না।

৯। সফল দরদাতাকে অর্থ ঋণ আদালত আইন- ২০০৩ এবং পরবর্তী সংশোধনী ২০০৪ মোতাবেক দখল প্রদান বা বুঝাইয়া দেওয়া হইবে।

১০। প্রয়োজনে নিলাম ক্রেতার অনুকূলে দখল হস্তান্তরের জন্য স্থানীয় অধিক্ষেত্রের জেলা ম্যাজিস্ট্রেটের মাধ্যমে আইনানুগ সহযোগিতা প্রদান করা হইবে। দখল সংক্রান্ত যাবতীয় খরচ নিলাম ক্রেতাকেই বহন করিতে হইবে।

বন্ধকীকৃত সম্পত্তির তফসিল ঃ

তফসিলঃ ০১-জেলাঃ পাবনা, উপজেলা ও সাব রেজিস্ট্রি অফিস: ঈশ্বরদী, মৌজা ঃ পিয়ারাখালী, জে.এল. নং- ২৬ (আর, এস), খতিয়ান নং- এস এ ঃ ১৯৭, ১৯৮, আর. এস ঃ ১৩১,১৬০ খারিজ খতিয়ান নং- ১৫৬৮, দাগ নং- এস.এ ঃ ৫৮২, আর এস ঃ ৬৫১, জমির পরিমান ঃ ৬.৫০(ছয় দশমিক পঞ্চাশ) শতাংশ । উহার উপর নির্মিত এবং নির্মিতব্য যাবতীয় স্থাপনাদি (যদি থাকে)।

তফসিলঃ ০২-জেলাঃ পাবনা, উপজেলা ও সাব রেজিস্ট্রি অফিস ঃ ঈশ্বরদী, মৌজা ঃ পিয়ারাখালী, জে.এল. নং- ২৬ (আর,এস), খতিয়ান নং- এস এ ঃ ৪৮৮, আর.এস ঃ ৫৬, খারিজ খতিয়ান নং- ১৯৪৮, দাগ নং- এস.এ ঃ ৫৯১, আর এস ঃ ৫৬৬, জমির পরিমান ঃ ৮.২৫ (আট দশমিক পঁচিশ) শতাংশ । উহার উপর নির্মিত এবং নির্মিতব্য যাবতীয় স্থাপনাদি (যদি থাকে)।

মোট জমির পরিমাণ=(৬.৫০শতাংশ + ৮.২৫ শতাংশ) = ১৪.৭৫ শতাংশ।

প্রিন্সিপাল অফিসার এবং শাখা প্রধান, মার্কেন্টাইল ব্যাংক পিএলসি., ঈশ্বরদী শাখা, পাবনা।
ফোন ঃ ০২-৫৮৮৮৪৭৭৬৭, ০১৭০১-২০৯৭৮৮